তারিখ ... 11 APR 2017 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... [illegible] ...

যুগান্তর

নতুন নীতিমালা জারি

# কলেজ শিক্ষকদের অফিসে চাকরি সর্বোচ্চ ৬ বছর

**যুগান্তর রিপোর্ট**

কলেজ ছেড়ে কোনো সরকারি দফতরে ৩ বছরের বেশি চাকরি করা যাবে না। চাকরিজীবনে
৬ বছরের বেশি কলেজের বাইরে অফিসে কাজ করা যাবে না। কোনো দফতর থেকে বদলি
হলে আরেক দফতরে যোগদানের মধ্যবর্তী সময়ে আবশ্যিকভাবে একজন শিক্ষককে
কলেজে কমপক্ষে ২ বছর কাজ করতে হবে। এমনই নানা বিধান রেখে সোমবার সরকারি
কলেজ শিক্ষকদের জন্য একটি নীতিমালা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়।
তবে বিভিন্ন দফতর, অধিদফতর, সংস্থায় পদায়ন নীতিমালা-২০১৭ শীর্ষক এ নীতিমালায়
অনিয়মের রাস্তা খোলা রাখা হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব
হোসাইন স্বাক্ষরিত এ নীতিমালায় ৯টি ধারা আছে। এর ৮ নম্বরে বলা হয়েছে, এ
নীতিমালায় যা-ই থাক না কেন, সরকারি জরুরি প্রয়োজনে যে কোনো সময়ে যে কোনো
কর্মকর্তাকে যে কোনো বিভিন্ন দফতর, অধিদফতর, সংস্থায় পদায়ন করতে পারবে। এর
আগে শিক্ষা মন্ত্রণালয় নিয়ম করেছিল, বিসিএস শিক্ষা ক্যাডারে নতুন নিয়োগ পাওয়া
কর্মকর্তাদের কমপক্ষে ২ বছর ঢাকার বাইরে চাকরি করতে হবে।
নীতিমালায় বলা হয়, একজন কর্মকর্তাকে একটি দফতর থেকে সরাসরি আরেক দফতরে
বদলি করা যাবে না। মধ্যবর্তী সময়ে তাকে কোনো কলেজে ন্যূনতম ২ বছর কাজ করতে
হবে। চাকরি জীবনে তিনদফায় সর্বাধিক ৬ বছর অফিসে কাজ করা যাবে। তবে এক্ষেত্রে
ওএসডিকে বিবেচনা করা যাবে না। এ ধারাটিরও অপপ্রয়োগ ঘটতে পারে বলে জানান
সংশ্লিষ্টরা। শত শত কর্মকর্তা ওএসডির নামে ঢাকায় আছেন। এতে জনবল থাকার পরও
মফস্বলের কলেজ খালি পড়ে আছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর